ইত্তেফাক

19/3/80

049 3 4



## ডঃ হাত্তার ইন্তেকাল

ইন্দোনেশিয়ার প্রথম ভাইস প্রেসিডেন্ট ডঃ মোহাম্মদ হাত্তা গত ১৪ই মার্চ ইন্তেকাল করিয়াছেন (ইন্নালিল্লাহে…রাজেউন)। পরদিন তাঁহাকে পূর্ণ সামরিক মর্যাদায় গণসমাধিক্ষেত্রে দাফন করা হয়। তিনি বহুমূত্র ও হৃদরোগে ভুগিতেছিলেন এবং গত ৩রা মার্চ হইতে জাকার্তার একটি হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। ইন্দোনেশীয় সরকার ১৫ই মার্চ হইতে ৭ দিনের জন্য জাতীয় শোক পালন এবং জাতীয় পতাকা অর্ধনমিত রাখার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

মরহুম ডঃ হাত্তা ১৯০২খৃষ্টাব্দের ১২ই আগষ্ট পশ্চিম সুমাত্রার বুকিতিংগীর কামপুং আউর তানজুং কারাং-এ জন্মগ্রহণ করেন। নেদারল্যাণ্ডে অধ্যয়নকালে তিনি

(৪র্থ পৃঃ দ্রঃ)

## ডঃ হাত্তার ইন্তেকাল

(৩য় পৃঃ পর)

দেশের স্বাধীনতাকামী ছাত্র সংগঠনসমূহের সহিত জড়াইয়া পড়েন। তিনি ইন্দোনেশীয় জাতীয় স্বাধীনতা আন্দোলনের সহিত যোগ দেন। এই তৎপরতার জন্য ওলন্দাজ ঔপনিবেশিক সরকার তাঁহাকে কারারুদ্ধ করেন।